

স্মারক নং: জবি/গস ও প্র/শোকবার্তা/২০০৯/০২/৪৯৮

তারিখ: ১২/০৭/২০২১

বরাবর

সম্পাদক

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক

বিষয়: শোক সংবাদ প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত শোকবার্তাটি আপনার বহুল প্রচারিত প্রচার মাধ্যম/পত্রিকায় প্রচার/প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শোকবার্তা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষার্থীর অকাল মৃত্যুতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের শোক প্রকাশ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের (৩য় ব্যাচ) মেধাবী শিক্ষার্থী রাহাত আরা রিমি গতকাল (১১ জুলাই ২০২১, রবিবার) ঢাকা মেডিকেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ২১ বছর।

তাঁর অকাল মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং বিশ্ববিদ্যালয় পরিবার গভীর শোক প্রকাশ করেছেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

তাঁর অকাল মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার গভীর শোকাহত।



(মোঃ সাইফুল ইসলাম)

উপ-পরিচালক ও দপ্তর প্রধান

জনসংযোগ, তথ্য ও প্রকাশনা

মোবাইল: ০১৭১১-৯৭৯৯২৪